দৈনিক সংবাদ

তারিখ ... JUL. 28-1999
পৃষ্ঠা ৪ কলাম 2

05

## চট্টগ্রাম ভেটেরিনারি কলেজ খুলে দেয়া হোক

আমি চট্টগ্রাম সরকারি ভেটেরিনারি কলেজের দ্বিতীয় ব্যাচের একজন নিয়মিত ছাত্র। ১৯৯৭ সালের ২৩শে জুন ভর্তি হই। আমাদের ক্লাস আরম্ভ হয় ২১শে ডিসেম্বর '৯৭। আমাদের কলেজের সংবিধান অনুযায়ী ছয় মাসে এক সেমিস্টার হিসেবে গণ্য হয়। এ হিসেব অনুযায়ী ক্লাস শুরু হওয়ার তারিখ থেকে বিবেচনা করলে আজ অর্থাৎ জুলাই '৯৯-এ আমার চতুর্থ সেমিস্টারে থাকার কথা। কিন্তু বড়ই পরিতাপের বিষয় যে, আমি মাত্র দ্বিতীয় সেমিস্টার শেষ করে তৃতীয় সেমিস্টারে পদার্পণ করেছি। অর্থাৎ ইতোমধ্যে (ভর্তি হওয়ার পর থেকে) ১২টি মাস আমার জীবন থেকে হারিয়ে গেছে। এমতাবস্থায় গত ২১শে জুন '৯৯ থেকে আমাদের কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ। আমি একজন সাধারণ ছাত্র হিসেবে আমার ভবিষ্যৎ চিন্তা করে কর্তৃপক্ষকে অনতিবিলম্বে কলেজ খুলে দেয়ার জন্য আকুল আবেদন জানাচ্ছি।

ওমর ফারুক
২য় ব্যাচ
চট্টগ্রাম সরকারি ভেটেরিনারী কলেজ
পাহাড়তলি, চট্টগ্রাম।